গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অফিস
আশকোনা, ঢাকা
www.hajoffice.gov.bd

স্মারক নং-১৬.০৩.০০০০.০০০.০২.৩২.০০০৩.২৫.৩৪১ তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪৩২ / ১৫ মে ২০২৫

বিষয়ঃ ফ্লাইট সিডিউলের ন্যূনতম ২৪ ঘন্টা পূর্বে হজ এজেন্সিভিত্তিক টিকিট বিক্রয়ের হালনাগাদ তথ্য ই-হজ সিস্টেমে এন্ট্রিকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা ২০২২ এর তফশীল ৪ এর অনুচ্ছেদ ১ (ড) অনুযায়ী এয়ারলাইন্সসমূহের হজ এজেন্সিভিত্তিক টিকিট বিক্রয়ের হালনাগাদ তথ্য ই-হজ সিস্টেমে হালানাগাদ করার দায়িত্ব থাকলেও তা যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না। এতে হজযাত্রীদের টিকেট বিক্রয় সংক্রান্ত সঠিক তথ্য পাওয়া যাচ্ছে না। ফলে মক্কা/মদীনায় হজ এজেন্সীসমূহের বাড়ির চুক্তির সাথে ফ্লাইটের তারিখের যতার্থতা মনিটরিং করা এবং হজযাত্রীদের পূর্ণ সেবা নিশ্চিত করতে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে।

০২। বর্ণিতাবস্থায়, সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে ফ্লাইট সিডিউলের ন্যূনতম ২৪ ঘন্টা পূর্বে হজ এজেন্সিভিত্তিক টিকিট বিক্রয়ের হালনাগাদ তথ্য ই-হজ সিস্টেমে এন্ট্রিকরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, এর পরবর্তীতে কোন টিকেট ইস্যু করা হলে তার তথ্য তাৎক্ষণিকভাবে ই-হজ সিস্টেমে এন্ট্রিকরণের জন্যও অনুরোধা করা হলো।

০৩। সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে বিষয়টি জরুরী।

১৫.০৫.২০২৫

মোঃ লোকমান হোসেন
পরিচালক (যুগ্মসচিব)
হজ অফিস, ঢাকা।
ফোন: ৪১০৯১৫২৫

বিতরণ:
০১। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি:, কুর্মিটোলা, ঢাকা।
০২। কান্ট্রি ম্যানেজার, সৌদিয়া এয়ারলাইন্স লি:, সোনারগাঁও হোটেল, ঢাকা।
০৩। সিইও, ফ্লাইনাস এয়ারলাইন্স লি:, ১১৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা।

স্মারক নং-১৬.০৩.০০০০.০০০.০২.৩২.০০০৩.২৫.৩৪১ তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪৩২ / ১৫ মে ২০২৫

অনুলিপি:
০১। অতিরিক্ত সচিব, হজ অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
০৩। সচিব এর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৪। সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
০৫। স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক,......................., ২০২৫ সনের হজ কার্যক্রমে অংশগ্রহণকারী সকল এজেন্সি/লিড এজেন্সি।

১৫.০৫.২০২৫

মোঃ লোকমান হোসেন
পরিচালক (যুগ্মসচিব)

E:\DEEN\Letter 682

CamScanner